মার্চ/২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত নালিতাবাড়ী উপজেলা পরিষদের ৩৪ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মো: আমিনুল ইসলাম
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ,নালিতাবাড়ী, শেরপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, নালিতাবাড়ী, শেরপুর।

সভার তারিখ ও সময় ঃ ২৪ মার্চ/২০২২ খ্রিঃ, সময় : বেলা-১১.৪৫ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ উপস্থিতি স্বাক্ষরিত 'ক' অনুসারে।

সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদকে কার্যকর করার জন্য বিভাগীয় প্রধানসহ সকল নির্বাচিত জনপ্রতিনিধি ও সংশ্লিষ্টদের সার্বিক সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর আর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি পরিষদের সদস্যদের সাথে আলোচনা ও বিভিন্ন বিভাগীয় পর্যালোচনা শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ীকে অনুরোধ জানান।

উপজেলা পরিষদের সম্মানিত সদস্যদের সহিত আলোচনা ঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১। **চেয়ারম্যান, পোড়াগাঁও ইউ.পি** সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, পোড়াগাঁও ইউ.পি নালিতাবাড়ী, শেরপুর।
০২। **চেয়ারম্যান,নন্নী ইউ.পি** সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, নন্নী ইউ.পি, নালিতাবাড়ী,
০৩। চেয়ারম্যান, রাজনগর ইউ.পি সভায় জানান যে, ১) চাঁদগাঁও ৮নং ওয়ার্ডের বালিশপুর জরুরিভাবে রাস্তায় রিং কালভার্ট স্থাপন করা প্রয়োজন। ২) চাঁদগাঁও ৭নং ওয়ার্ডে তালতলা দুদু মিয়ার পুকুর পাড়ের রাস্তা দিয়ে সাধারণ জনগণের চলাচলের অসুবিধা হওয়ায় প্যালাইসাইডিং করা জরুরি প্রয়োজন। ৩) সালেহাবাদ কৃষ্ণপট্টি ৯নং ওয়ার্ডে আজিজের বাড়ীর সামনে রাস্তায় বর্ষার মৌসুমে বন্যার পানি না বাহির হওয়ায় জরুরি ভিত্তিতে রিং কালভার্ট স্থাপন করা প্রয়োজন। ৪) সাগরদী ৯নং ওয়ার্ডে আব্দুল ডাক্তারের বাড়ী হইতে মসজিদ পর্যন্ত রাস্তা বর্ষার মৌসুমে চলাচলের অনুপযোগী হয়ে পরায় জরুরি ভিত্তিতে ইটের সলিং করা প্রয়োজন। তাছাড়া তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	আলোচনা কলামে বর্ণিত বিষয়ে জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তাছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ী ও চেয়ারম্যান, রাজনগর ইউ.পি, নালিতাবাড়ী,
০৪। **চেয়ারম্যান, নয়াবিল ইউ.পি**, সভায় জানান যে, ১) তার ইউনিয়নটি পাহাড়ের পাদদেশে অবস্থিত হওয়ায় পানির সংকট দেখা দিয়েছে। তাই অধিকাংশ বাড়িতে গভীর নলকুপ বা সাবমার্সেবল পাম্প স্থাপন করা প্রয়োজন।	আলোচনা কলামে বর্ণিত বিষয়ে জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ীকে অনুরোধ	চেয়ারম্যান, নয়াবিল ইউ.পি নালিতাবাড়ী,

CamScanner

২) নয়াবিল ইউনিয়নে ইউনিয়ন পরিষদ ভবন না থাকায় গ্রাম আদালতসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে। ৩) পাহাড়ী ঢলে বিভিন্ন এলাকায় ভোগাই নদীর পাড় ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। ৪) সুইচগেইট বাজার হইতে সুরুজ আলীর বাড়ী পর্যন্ত নদীর পাড় মাটি দিয়ে মেরামত করা খুবই জরুরি প্রয়োজন। তাছাড়া তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	জানিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তাছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
০৫। চেয়ারম্যান, রামচন্দ্রকুড়া ইউ.পি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, রামচন্দ্রকুড়া ইউ.পি নালিতাবাড়ী, শেরপুর।
০৬। চেয়ারম্যান, কাকরকান্দি ইউ.পি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, কাকরকান্দি ইউনিয়ন পরিষদ।
০৭। চেয়ারম্যান, নালিতাবাড়ী ইউ.পি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, নালিতাবাড়ী, ইউ.পি, নালিতাবাড়ী
০৮। চেয়ারম্যান,রূপনারায়ণকুড়া ইউ.পি সভায় জানান যে, ১) ৭নং ওয়ার্ডে গ্রাম পুলিশের পদটি শূন্য থাকায় বিভিন্ন কাজের সমস্যা হচ্ছে। তাই দ্রুত নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভায় আলোচনা করেন। ২) তার ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে খুচরা সার ডিলার না থাকায় দ্রুত লাইসেন্স প্রদানের জন্য সভায় আলোচনা করেন। ৩) ০২নং ওয়ার্ডে মৃত ইউনুস আলী বাড়ী সংলগ্ন রাস্তায় জরুরি ভিত্তিতে একটি ব্রীজ করা প্রয়োজন। ৪) ০৫ নং ওয়ার্ডে মৃত মুছা মিয়ার বাড়ী সংলগ্ন রাস্তায় ব্রীজ করা প্রয়োজন। ৫) ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা ও মৃত আনোয়ারের বাড়ী হইতে ১কি: মি: রাস্তা যা অনেকদিন যাবৎ কাজ হচ্ছে না, রাস্তা দুটি দ্রুত পাকাকরণের জন্য সভায় আলোচনা করেন। ৬) ২নং ওয়ার্ডের গিয়াস উদ্দিনের বাড়ী হইতে ১নং ওয়ার্ডের এইচএসইডিপি মডেল উচ্চ বিদ্যালয় পর্যন্ত সরকারি রাস্তা থাকা সত্তেও এখানে রাস্তা নেই যা বিদ্যালয়ের শিক্ষার্থীদের যাতায়াতের সমস্যা হয় এবং খুব সহজেই বিদ্যালয়ে যেতে পারে, যা খুবই প্রয়োজন। ৭) বাগিচাপুর ০২ নং ওয়ার্ড এবং ০৫ নং ওয়ার্ড কাওয়াকুড়ি গ্রামের মধ্যে সংযোগ সড়ক প্রয়োজন। যা সরকারি হালটে আছে। ইহা দুই গ্রামের যাতায়াতের ক্ষেত্রে ০৫কি:মি: রাস্তার দূরত্ব কমবে। তাছাড়া তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	আলোচনা কলামে বর্ণিত বিষয়ে জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তাছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ী ও চেয়ারম্যান, রাজনগর ইউ.পি, নালিতাবাড়ী,

CS CamScanner

০৯। চেয়ারম্যান, মরিচপুরান ইউ.পি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।	চেয়ারম্যান, মরিচপুরান, নালিতাবাড়ী, শেরপুর।
১০। চেয়ারম্যান, যোগানিয়া ইউ.পি সভায় জানান যে, ১) তার ইউনিয়নের ১, ২, ৩ ও ৪নং ওয়ার্ডের কবরস্থানে লাইটিং এর ব্যবস্থা এবং বাউন্ডারি ওয়াল না থাকায় কবর হতে লাশ চুরি হয়ে যায়, তাই দ্রুত লাইটিং ও বাউন্ডারি ওয়াল করার বিষয়ে সভায় আলোচনা করেন। ২) ০৫নং ওয়ার্ডের কাটাখালী লতিফের মোড় থেকে কাটাগাংপাড় আরিফ পাড়া পর্যন্ত রাস্তা বর্ষার মৌসুমে সাধারণ মানুষের যাতায়াতের সমস্যা হওয়ায় ইটের সলিং করা প্রয়োজন। ৩) ০৭নং ওয়ার্ডে প:কাপাসিয়া ব্রীজ থেকে গাজীরখামার রাস্তা পর্যন্ত কার্পেটিং রাস্তা নির্মাণ করা প্রয়োজন। ৪) যোগানিয়া ইউনিয়নে ইউনিয়ন পরিষদ ভবন না থাকায় গ্রাম আদালতসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে। ৫) ৯নং ওয়ার্ডে ভোগাই নদীর গোবিন্দনগর এলাকায় নদীর বাঁধ ভেঙ্গে যাওয়ায় সাধারণ জনগণের চলাচলে ভোগান্তি সৃষ্টি হয়েছে। তাই তা দ্রুত মেরামত করা প্রয়োজন। ৬) ৭নং ওয়ার্ডে কাপাসিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে বন্যার সময় পানি থাকে, তাই মাঠটি উচু করার জন্য মাঠে মাটি ভরাট প্রয়োজন। তাছাড়া তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	আলোচনা কলামে বর্ণিত বিষয়ে জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তাছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), যোগানিয়া, নালিতাবাড়ী
১১। চেয়ারম্যান, বাঘবেড় ইউ.পি সভায় জানান যে, তার ইউনিয়নের বাঘবেড় বাজারের মাঠটি বড় করার জন্য নিচু জায়গায় মাটি ভরাট করেন। মাটি ভরাট বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা খরচ হয় মর্মে সভায় আলোচনা করেন। তাছাড়া তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা প্রকৌশলীকে মাটি ভরাটের জায়গা সরেজমিনে তদন্ত করে প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ী ও চেয়ারম্যান, রাজনগর ইউ.পি, নালিতাবাড়ী
১২। চেয়ারম্যান, কলসপাড় ইউ.পি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান কলসপাড় ইউ.পি,নালিতাবাড়ী
১৩। জনাব মোছাঃ আশুরা বেগম, উপজেলা পরিষদ, নালিতাবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।	তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।	মহিলা চেয়ারম্যান উপজেলা পরিষদ, নালিতাবাড়ী,

বিভিন্ন বিভাগীয় প্রধানদের সহিত মতবিনিময়ঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে, আগামী ২৬/০২/২২ইং তারিখের মধ্যে সমগ্র বাংলাদেশ ১ কোটি ১ম ডোজ কোভিডি-১৯ টিকা সম্পন্ন করার লক্ষ্যে ৫০ শয্যা উপজেলা স্বাস্থ্য কর্মপ্লেক্স এক যোগে নিরলসভাবে কাজ কওে যাচ্ছে। বর্তমানে আরো ও গ্রায় ৫০ হাজার জনগন ১ম ডোজ টিকা গ্রহন করলে	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নালিতাবাড়ী**

CS CamScanner

<table>
<tr>
<td>নারিতাবাড়ী লক্ষযাত্রা (৭০%) পুরণ হবে। বর্তমানে টিকা গ্রহনের জন্য যারা বেজিস্টাশন করতে পারেননি তারা টিকা স্টটে যেয়ে নাম, নয়ন এবং মোবাইল নম্বও প্রদানের মাধ্যমে টিকা গ্রহন করতে পারবেন। তবে পরবর্তীতে টিকা সনদ পেতে হলে অবশ্যাই অনলাইন রেপিঃ বাধ্যতামুলক করা হয়েছে। তবে ১২-১৭ পর্যন্ত বয়সের মেয়েরা যেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং উপজেলা পরিষদে এসে ২ নং ডোজ টিকা গ্রহন করতে পারবে। বহুদিন পর অবশেষে স্বাস্থ্যকমপ্লেক্স এশটি নতুন এমবুলেন্স পেয়ে আনন্দিত। সর্বোপরি হাসপাতালে ডাক্তার সল্পতা থাকা সত্ত্বেও সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২। উপজেলা কৃষি অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে, তার দপ্তরে সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।</td>
</tr>
<tr>
<td>৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নালিতাবাড়ী সভায় জানান যে, বিভিন্ন সম্প্রসারণ চিকিৎসা, কৃত্রিম প্রজনন, খামার স্থাপনে উঠান বৈঠক, খামার পরিদর্শন, ফ্রি ভেটেরিনারি ক্যাম্পইন, খামারী প্রশিক্ষণ, খামার রেজিস্ট্রেশন, রোগ নির্নয়ে নমুনা সংগ্রহ ও তা গবেষনাগাওে প্রেরণ ইত্যাদি অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।
<table>
<tr><th>প্রকল্প</th><th>কার্যক্রম</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ন্যাশনাল এগ্রিবালচারাল টেকনোলজি প্রোগ্রাম(এনএটিপি-২) প্রজেক্ট</td><td>মাঠ দিবস-১২টি।
খামারী সমাবেস -৬টি বাস্তবায়ন</td><td></td></tr>
<tr><td>প্রাণিসম্পদ ও ডেনরী উন্নয়ন প্রকল্প।</td><td>১২ ফেব্রুয়ারী/২২ তারিখে উপজেলা পরিষদ প্রাঙ্গনে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২২ অনুষ্ঠিত</td><td></td></tr>
<tr><td>ক্ষুদ্র কৃ-গোষ্ঠির আর্থসামাজিক ও জীবনমানোন্নয়নের লক্ষে সর্মপিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায়।</td><td>৬০ জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান।</td><td></td></tr>
</table>
</td>
<td>উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ অফিসার,
নালিতাবাড়ী, শেরপুর।</td>
</tr>
<tr>
<td>৪। উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ী, শেরপুর সভায় জানায় যে,
ক) উপজেলা পরিষদ নতুন ভবনের এর সামনে গেইটটি এলটিএম এর মাধ্যমে দরপত্র আহবানের বিষয়ে আলোচনা করা হয়।
খ) উপজেলা পরিষদ কোয়াটার ও ডরমেটরীর সৌচাগারের টেংকি ভরে যাওয়ায় এবং অনেক নিচু হয়ে যাওয়ায় নতুন করে সেপ্টি ট্যাংকি স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।
গ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গাড়ি পার্কিং এর জন্য ছাদসহ চালাঘড় নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়।
ঘ) নন্নী জিসি-সমশ্চুড়া বর্ডার সড়কের(পর্যটন সড়ক) চেইঃ ২৪৫০ মিটার বক্স কালভার্টটি ক্ষতিগ্রস্থ হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামত না করলে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাই জরুরী ভিত্তিতে রক্ষণাবেক্ষণ করণের জন্য সভায় আলোচনা করা হয়।
ঙ) উপজেলা পরিষদের নতুন ভবনের নিচ তলায় সাধারণ জনগণসহ অফিসের সকল মটর সাইকেল রাখা হয়। তাই মটর সাইকেল এর নিরাপত্তার সার্থে বঙ্গবন্ধুর মুরালের উত্তর পার্শ্বে একটি মটর সাইকেল এর একটি সেড ঘর নির্মাণ করা হবে। নির্মাণস্থলে ২০ বছর আগের উপজেলা পরিষদে এলজিইডির ব্যবহৃত একটি লোহার রোলার পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। যেটি জনসাধারণের</td>
<td>ক) গেইটটি দ্রুত এলটিএম এর মাধ্যমে দরপত্র আহবানের জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
খ, গ, ঘ ও চ ক্রমিকের আলোকে দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
ঙ) আলোচনা কলামে বর্ণিত বিষয়ে উপজেলা পরিষদের অকেজো</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, নালিতাবাড়ী, শেরপুর।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>চলাচলে বিঘ্ন ঘটাচ্ছে। এছাড়া নির্মিতব্য বঙ্গবন্ধুর মুরালের সম্প্রসারিত বেদি নির্মাণ ও মোটর সাইকেলের শেডঘর নির্মাণের জন্য এই রোলার অপসারণ জরুরি।
চ) বঙ্গবন্ধুর মুরালে যাওয়ার রাস্তা ও প্লাটফর্ম তৈরি করণের বিষয়ে আলোচনা করেন।
ছ) নালিতাবাড়ী উপজেলার জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে ১৬/০৮/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকের পত্র মোতাবেক ৪,৬৬,০০০/-(চার লক্ষ ছেষট্টি হাজার) টাকা দ্বারা করোনা ভাইরাসের(কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা(মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার) ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদানের জন্য বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দপ্রাপ্তি স্বাপেক্ষে পিআইসি কমিটির মাধ্যমে ক্রয়ের বিষয়ে আলোচনা করেন।</td>
<td>মালামালের তালিকায় তালিকাভূক্ত করে প্রাক্কলন প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>**৫। উপজেলা মৎস্য অফিসার,নালিতাবাড়ী, শেরপুর** সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।</td>
<td>তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর।</td>
</tr>
<tr>
<td>**৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নালিতাবাড়ী** সভায় সভায় জানায় যে,
মার্চ/২২খ্রিঃ মাসে নালিতাবাড়ী উপজেলা পরিবার পরিকল্পনা কার্যক্রমের এক নজরে অগ্রগতির প্রতিবেদন
২৩/০২/২০২২খ্রিঃ তারিখে উপজেলা পরিষদেও সাধারন সভার কার্যক্রমঃ-
<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="2">বিষয়</th><th></th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td colspan="2">উপজেলার মোট জনসংখ্যা</td><td>৩,০৬৬৭০</td><td></td></tr>
<tr><td></td><td colspan="2"></td><td>অর্জনের সংখ্যা</td><td></td></tr>
<tr><td>২</td><td colspan="2">উপজেলার মোট সক্ষম দম্পতি</td><td>৫৮,৩৫১</td><td></td></tr>
<tr><td>৩</td><td colspan="2">উপজেলার মোট গ্রহনকারী</td><td>৪৬,৫৪৯</td><td></td></tr>
<tr><td>৪</td><td colspan="2">গ্রহনকারীর হার(সিএআর)</td><td>৭৯.৭৭%</td><td></td></tr>
<tr><td rowspan="2">৫</td><td rowspan="2">স্থায়ী পদ্ধতি</td><td>পুরুষ</td><td>-</td><td></td></tr>
<tr><td>মহিলা</td><td>০৮</td><td></td></tr>
<tr><td rowspan="2">৬</td><td rowspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td>ইমপ্লান্ট</td><td>৫১</td><td></td></tr>
<tr><td>আইইউডি</td><td>০৭</td><td></td></tr>
<tr><td rowspan="3">৭</td><td rowspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td>খাবার বড়ি</td><td>১৬৪</td><td></td></tr>
<tr><td>কনডম</td><td>২৬</td><td></td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৬৫</td><td></td></tr>
<tr><td>৮</td><td colspan="2">মোট গর্ভবর্তী</td><td>১,৯৬৫</td><td></td></tr>
<tr><td>৯</td><td colspan="2">মোট ডেলিভারী</td><td>১৬</td><td></td></tr>
<tr><td>১০</td><td colspan="2">জন্ম</td><td>২৬৬</td><td></td></tr>
<tr><td>১১</td><td colspan="2">মৃত্যু</td><td>৫৪</td><td></td></tr>
<tr><td rowspan="2">১২</td><td rowspan="2">সাধারন রোগীর সেবা</td><td>পুরুষ</td><td>৩৬১</td><td></td></tr>
<tr><td>মহিলা</td><td>২,০৩০</td><td></td></tr>
</table>
</td>
<td>উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিবার পকিল্পনা অফিসার. নালিতাবাড়ী,</td>
</tr>
<tr>
<td>**৭। উপজেলা শিক্ষা অফিসার, নালিতাবাড়ী** সভায় জানান যে, তার দপ্তরে সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।</td>
<td>উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।</td>
</tr>
</table>

CS CamScanner

	হয়।	
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে, প্রায় দীর্ঘ দেড় বছরের কঠিনকাল করোনা মাত্রাসীমার কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বর্তমানে ভাইরাস অনেকটা নিয়ন্ত্রনে আসায় আবর ও শ্রেনি কার্যক্রম পুরোদমে চলমান আছে। এই মাসের ২৩ তারিখ হতে ২৭ তারিখ পর্যন্ত সমন্তবিভাগ কর্তৃক আয়োজিত কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ উপলক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের সপ্তাহ ১টি করে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হচ্ছে। তার দপ্তরে সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নালিতাবাড়ী
৯। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নালিতাবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।	তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নালিতাবাড়ী
১০। উপজেলা সমবায় অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে, উপজেলায় ০২টি আশ্রয়ন প্রকল্প ০৪টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি ও ০৮টি ক্ষুদ্র নৃ তাত্ত্বিক সমবায় সমিতি এবং ৬০টি সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের(সিভিডিপি)সমবায় সমিতির মোট ৩০৯টি নিবন্ধিত সমবায় সমিতি আছে। যার সদস্য সংখ্যা ৮,৮৯৮ জন। ২০২০-২২ অর্থ বছরের সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের নিবন্ধিত সমবায় সমিতি গুলোর গ্রাম্যকর্মী এবং সাধারণ সদস্য মিলে ৩৬০জন সদস্যের মধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গ্রাম্যকর্মী ৬০ জনের মধ্যে মাসিক ২,০০/-টাকা করে অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১খ্রিঃ পর্যন্ত ৩,৬০,০০০/- টাকা সম্মানী ভাতা প্রদান করা হয়েছে। আমাদের অফিস ভবনের পিছনদিকে সবগুলা জানালা ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে জানালা মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ জানান। বড়ডবী আশ্রয়ন প্রকল্পের ব্যারাক হাউজগুলো অনুপযোগী হওয়ায় ব্যারাকগুলো সংস্কারের প্রয়োজন। কোন্নগর আশ্রয়ন প্রকল্পের পুকুরটি সারা বছর বালুদ্বারা ভরাট থাকার পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকে। পুকুর থেকে বালু অপসারণ করা গেলে মাছ চাষের উপযোগী করা যেতে পারে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার নালিতাবাড়ী, শেরপুর।
১১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিক ও সার্বলিল গতিতে চলমান আছে। মানব সংগঠন ভিত্তিক উন্নত পল্লী গঠনে বিআরডিবি বর্তমানে অত্র উপজেলায় চলমান ০৮টি প্রকল্প নিয়ে কাজ করে যাচ্ছে। সম্প্রতি বিগত ১৪ ফেব্রুয়ারি/২২খ্রিঃ তারিখে বহুল প্রতিক্ষিত নালিতাবাড়ী ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটি নিবন্ধন সম্পন হয়েছে। এতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ইউসিসি এর সভাপতি, সহসভাপতি ও ০৬ জন অদম্য নির্বাচিত হয়েছেন। আশা করা যায় তাদেন নেতৃত্বে সমবায় সমিতি ভিত্তিক আগামী দিনের কার্যক্রমে বিআরডিবি আর ও গতিশীল হবে। বিগত মাসে প্রতিষ্ঠানটির আওতায় মোট ৭.৩৫ লক্ষ টাকা ঋণ বিতরন করা হয়েছে। এর বিপরীতে আদায় হয়েছে ২.৯৫ লক্ষ টাকা। ৪০ জনকে ৫ দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন প্রদান করা হয়েছে। জীবিকায়ন শিল্প পল্লী প্রতিষ্ঠার লক্ষ্যে গ্রামে গ্রামে সম্ভাব্যতা যাচাই কাজ চলমান আছে। এর মাধ্যমে সবশেষ বরাদ্দকৃত ০২টি স্কীম বাস্তবায়নে প্রাথমিক পদক্ষেপ গৃহীত হয়েছে। খেলাপী ঋণ আদায়ে শ্রেণীকৃত বিশেষ করে কিস্তি	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নালিতাবাড়ী *সভায় জানান যে,তা স্বাভাবিক ভাবে চলছে।*	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নালিতাবাড়ী, শেরপুর।

CamScanner

	সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
১৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে, প্রশিক্ষন,ঋনদান,রেজিস্ট্রেশন দেয়া এবং বিভিন্ন ক্যাটাগরীতে পুরষ্কার দেয়া। প্রশিক্ষনের বিভিন্ন ট্রেডে ২০২১-২২খ্রিঃ পর্যন্ত ৩৬০ জন কে প্রশিক্ষন দেয়া হয়েছে। এপিএ চুক্তি অনুযায়ী ১২০ জন কে ঋন দিতে হবে এর ধারাবাহিকতায় ৭৮ জন কে ২৪,৬০,০০০/-(চব্বিশ লক্ষ ষাট হাজার) টাকা ঋন দেয়া হয়েছে। আদায়ের হার ৯৪%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়	উপজেলা যুব উন্নয়ন অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
১৪। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নালিতাবাড়ী সভায় জানান যে, বিভিন্ন ট্রেডে যথাসময়ে প্রশিক্ষনার্থী প্রেরণ করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর।
১৫। উপজেলা সমাজ সেবা অফিসার, নালিতাবাড়ী সভায় জানান যে,২০২০-২১ অর্থ বছরের প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির জুলাই/২১ হতে সেপ্টেম্ব/২১ পর্যন্ত ৩ মাসের অবিতরনকৃত টাকা আগামী ২৮/০৩/২০২২খ্রিঃ তারিখে বিতরন করা হবে। প্রান্তিক জরিপের বাদ পড়া পেশাজীবিদের তালিকা ইউনিয়ন বসিটির রেজুলেশনসহ আগামী ৩১/০৩/২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রেরনের জন্য পত্র প্রেরন করা হয়েছে। মৃত বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীদের প্রতিস্থাপন ২৮/০৩২০২২খ্রিঃ তারিখের মধ্যে চেয়ে সকল চেয়ারম্যান/মেয়র বৃন্দের পত্র প্রেরন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	আলোচনা কলামে বর্ণিত বিষয়ে সুষ্ঠু, সুন্দর পরিবেশে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	সমাজ সেবা অফিসার নালিতাবাড়ী, শেরপুর।
১৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নালিতাবাড়ী সভায় জানান যে, গ্রামীন এলাকার দরিদ্র গর্ভবতী মায়েদের জন্য মাতৃত্বকালীন ভাতা এবং শহর এলাকার কম আয়ের কর্মজীবী জন্য ল্যাকটেটিং ভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়ন করেছে মহিলা বিষয়ক কর্মকর্তা। শিশু জন্মের প্রথম গুরুত্বপূর্ণ ১০০০ দিনে মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও বৃদ্ধি বৃত্তিক বিকাশকে এই কর্মসূচীতে গুরুত্ব প্রদান করা হয়েছে যার মধ্য দিয়ে এশটি শিশু আগামী দিনের ভবিষ্যৎ গড়ে উঠে। মাতৃত্বকালীন ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচীকে একীভূত করে ২০১৮ অর্থ বছর হতে দেশের ৭টি বিভাগের ৭টি উপজেলায় মা ও শিশু সহায়তা কর্মসূচীর পাইলটিং করেছে এবং বর্তমানে ৬টি উপজেলায় এই কর্মসূচী বাস্তবায়ন চলছে। জুলাই/২২ হতে সারাদেশে মাঠ পর্যায়ে মা ও শিশু সহায়তা কর্মসূচী সফল বাস্তবায়ন হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মহিলা বিষয়ক কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর।
১৭। উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, নালিতাবাড়ী,সভায় জানান যে, ১। মোট কেন্দ্র ৪৩টি। এর মধ্যে পুরুষ কেন্দ্র ০২টি, মহিলা কেন্দ্র ৩৭টি এবং পুরুষ ও মহিলা উভয় ০৪টি। মোট সদস্য -৭৩৩ জন। ২। জানুয়ারি/২২ মাসে ৩৪ জন সদস্য/সদস্যার মাসে ১১,৪৭০০০/- টাকা ঋন বিতরন করা হয়েছে এবং ঋন আদায় করা হয়েছে ১৪,৩৯,১১৫/-টাকা। বর্তমানে মাঠে বিনিয়োগ স্থিতি -২২,৩৯,২৯৮/টাকা ৩। জানুয়ারি/২২ মাসে সদস্যদের নিকট থেকে সঞ্চয় আদায় হয়েছে ১,২৪,৩৪০/-টাকা মোট সঞ্চয় স্থিতি ২২,৩৯,২৯৮/- টাকা।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন,নালিতাবাড়ী

CamScanner

৪। জানুয়ারি/২২ মাসে পর্যন্ত মেয়াদউত্তির্ন, খেলাপী ৩৫৩ জনের ৩৭,৪৪,৩১৫ টাকা। যে সকল মেয়াদউত্তির্ন টাকা অনেকদিন যাবত আদায় হচ্ছে না সেই টাকা আদায়ের জন্য সার্টিফিকেট মামলা করা প্রয়োজন। ৫। মেয়াদউত্তির্ন বকেয়া টাকা আদায়ের জন্য মেয়াদউত্তির্ন সদস্য/সদস্যাদেও বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করার জন্য প্রশাসনের সহযোগিতা প্রয়োজন।		
১৮। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নালিতাবাড়ী সভায় জানান যে,তার কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নালিতাবাড়ী.
১৯। উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প নালিতাবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।	তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।	উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার নালিতাবাড়ী, শেরপুর।
২০। ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন, নালিতাবাড়ী, জানান যে, উপজেলায় মোট ১৩৮টি মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে শিক্ষাকেন্দ্র চলমান রয়েছে। এর মধ্যে ৯২টি কোরআন শিক্ষা, ১টি বয়স্ক শিক্ষা ও ৪৫টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র। কোভিড-১৯ জন্য শিক্ষাকেন্দ্র গুলো (রবি- বৃহস্পতিবারে) সকাল ৬.৩০ থেকে ০৯.০০ টা পর্যন্ত চলমান রয়েছে। প্রাক- প্রাথমিক শিক্ষা কেন্দ্র গুলো আগামী ০২/০৩/২২ তারিখ হতে চলমান হওয়ার সম্ভাবনা রয়েছে। ইনশা আল্লাহ।	উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন, নালিতাবাড়ী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদের নালিতাবাড়ীর উন্নয়নের জন্য কাজ করার আহবান জানান এবং সকলের দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা এবং শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আমিনুল ইসলাম)
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
নালিতাবাড়ী, শেরপুর

CamScanner

স্মারক নং-০৫.৪৫.৮৯৭০.০০১.১৯.০০১.১৮-১৭৮

তারিখ ঃ ১০ চৈত্র ১৪২৮বঙ্গাব্দ।
২৪ মার্চ ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

০১। জনাব মতিয়া চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, শেরপুর-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ সভা, নালিতাবাড়ী, শেরপুর।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক,শেরপুর।
০৪। পুলিশ সুপার, শেরপুর।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার,শেরপুর।
০৬। উপজেলা ....কর্মকর্তা(সংশ্লিষ্ট),নালিতাবাড়ী,শেরপুর।
০৭। চেয়ারম্যান...ইউ.পি(সকল),নালিতাবাড়ী,শেরপুর।
০৮। জনাব...।
০৯। অফিস কপি।

২৪/৩/২০২২

হেলেনা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
নালিতাবাড়ী, শেরপুর।
unonalitabari@gmail.com
phone-09324-73002

CamScanner